


# অতিব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



নং- ৪৬.৪২.৪২০০.০০০.৯৯.০৫৪.১৫. ১৭৭

তারিখঃ ১১ মাঘ ১৪২৩ বঙ্গাব্দ  
২৪ জানুয়ারি ২০১৭ খ্রিষ্টাব্দ


বিষয়ঃ ঝালকাঠি জেলা পরিষদের সহকারী প্রকৌশলী জনাব শিপলু কর্মকার এর অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির ব্যাখ্যা প্রদান।

সূত্রঃ মনিটরিং-১ শাখার ইউ, ও নোট নং- ৪৬.০৯৯.০৩৮.০০.০০.০০১.২০১৫.৫৯৫, তারিখঃ ১৪/১২/২০১৬।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/রাজস্ব) ও পরিচালক (অতিঃ দাঃ), স্থানীয় সরকার, বরিশাল বিভাগ পূর্ব নির্ধারিত ভ্রমণসূচী মোতাবেক গত ১৫/১১/২০১৬ তারিখ জেলা পরিষদের ২০১৫-১৬ অর্থ বছরের কর্মদক্ষতা মূল্যায়ন ফরম পূরণের লক্ষ্যে মূল্যায়নকারী কর্মকর্তা হিসেবে ঝালকাঠি জেলা পরিষদে উপস্থিত হয়ে সরেজমিনে পরিদর্শনপূর্বক মূল্যায়ন ফরম পূরণের কার্যক্রম সম্পাদন করেন। মূল্যায়ন ফরম পূরণের কার্যক্রম সম্পাদনকালে জনাব মোঃ জাকির হোসেন (১৫৪১৮), অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঝালকাঠি জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তার দায়িত্বে থাকায় তিনি সহ সংশ্লিষ্ট সহকারীগণ উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে আপনি জনাব শিপলু কর্মকার, সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, ঝালকাঠি অনুপস্থিত ছিলেন।

২। আপনার অনুপস্থিতির কারণে ঝালকাঠি জেলা পরিষদের প্রকল্প গ্রহণ, প্রকল্প বাস্তবায়ন কমিটি ও জেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটি গঠক, প্রকল্প বাছাই প্রক্রিয়া এবং প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে সঠিক কোন তথ্য পাওয়া যায়নি। এছাড়া জেলা পরিষদের কর্মদক্ষতা মূল্যায়নকালে ২০১৪-২০১৫ ও ২০১৫-২০১৬ অর্থ বছরের রাজস্ব খাতের আওতায় এবং উন্নয়ন খাতের আওতায় বাস্তবায়িত ও বাস্তবায়নাধীন উন্নয়নমূলক প্রকল্পসমূহ সরেজমিনে পরিদর্শনও সম্ভব হয়নি।

৩। এমতাবস্থায়, আপনার অননুমোদিত অনুপস্থিতির বিষয়ে আগামী ৭ (সাত) কর্ম দিবসের মধ্যে সুস্পষ্ট ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(জুবাইদা নাসরীন)  
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-[lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

জনাব শিপলু কর্মকার  
সহকারী প্রকৌশলী  
জেলা পরিষদ, ঝালকাঠি।

অনুলিপিঃ

- ১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, ঝালকাঠি।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঝালকাঠি।
- ৫। সবিচ মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সহকারী সচিব, মনিটরিং-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।